

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সিআর-৩ শাখা
www.mopa.gov.bd

২২ বৈশাখ, ১৪২৬

তারিখঃ.....

০৫ মে, ২০১৯

নং-০৫.০০.০০০০.১০২.২২.০০১.১৬- ৫১


বিষয়: যথাসময়ে এসিআর দাখিল ও অপ্ৰযোজ্যতার তথ্য অবহিতকরণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে 'এসিআর ইনফরমেশন' সংক্রান্ত ডাটাবেইজে সংশ্লিষ্ট কর্মকর্তাগণের বার্ষিক গোপনীয় অনুবেদন (এসিআর) সিআর অধিশাখায় প্রাপ্তির তথ্য এন্ট্রি ও প্রকাশ করা হয়। যথাসময়ে এসিআর দাখিল করা সত্ত্বেও অনুবেদনকারী/প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার কারণে যথাসময়ে সিআর অধিশাখায় না পৌঁছানোর দরুন ডাটাবেইজে তথ্য হালনাগাদ করা যায় না।

২. এছাড়া কর্মকর্তাগণের এসিআর প্রযোজ্য না হলে সিআর অধিশাখাকে বিষয়টি অবহিত না করার কারণে ডাটাবেইজে তথ্য হালনাগাদ করা যায় না।

৩. কোন বছর/সময়ের এসিআর কিংবা প্রযোজ্য ক্ষেত্রে যথাসময়ে এসিআর দাখিল/অপ্ৰযোজ্যতার তথ্য পাওয়া না গেলে সংশ্লিষ্ট কর্মকর্তার এসিআর সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুত বিলম্বিত হয় এবং কর্মকর্তা ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা থাকে।

৪. এমতাবস্থায়, জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব সাইটে 'এসিআর ইনফরমেশন' সংক্রান্ত ডাটাবেইজে কোন বছরের/সময়ের এসিআর প্রাপ্তির তথ্য হালনাগাদ না থাকলে কিংবা এসিআর প্রযোজ্য না হলে যথাযথ প্রমাণকসহ সিআর অধিশাখাকে এ বিষয়ে লিখিতভাবে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



শেলিনা খানম

উপসচিব

ফোন- ৯৫৫০৩৯৩

cr3@mopa.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব,..... মন্ত্রণালয়/বিভাগ।
৩. রেক্টর, বিপিএটিসি, সাতার/বিসিএস প্রশাসন একাডেমি, শাহবাগ, ঢাকা।
৪. বিভাগীয় কমিশনার,..... বিভাগ।
৫. মহাপরিচালক,.....।
৬. পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা।
৭. জেলা প্রশাসক,.....।
৮. মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীগণের একান্ত সচিব,..... মন্ত্রণালয়/বিভাগ।
৯. সিস্টেমস্ এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।